শেষবেগ, $v = 15\ ms^{-1}$
সময়, $t = 5$ s
অতিক্রান্ত দূরত্ব, $s = ?$

$$s = \left(\frac{u + v}{2}\right) t$$
$$= \frac{(0 + 15)\ ms^{-1}}{2} \times 5\ s$$
$$= \frac{15}{2} \times 5\ m = 37{\cdot}5\ m$$

অতএব, লিথিন সুষম ত্বরণে 37.5 m দূরত্ব অতিক্রম করেছিল।

ঘ. এখানে,
আদিবেগ, $u = 0\ ms^{-1}$
শেষবেগ, $v = 15\ ms^{-1}$
লিথিনের ভর, $m_1 = 50$ kg
সাইকেলের ভর, $m_2 = 20$ kg
সময়, $t = 5$ s
লিথিন কর্তৃক প্রয়োগকৃত বল, $F = ?$

আমরা জানি,
ত্বরণ, $a = \frac{v - u}{t}$
$$= \frac{(15 - 0)ms^{-1}}{5\ s} = 3\ ms^{-2}$$

∴ লিথিন কর্তৃক প্রয়োগকৃত বল, $F = ma$

$= 50\ kg \times 3\ ms^{-2}$

$= 150\ N$

এখানে,

আদিবেগ, $u = 15\ ms^{-1}$

শেষবেগ, $v = 0\ ms^{-1}$

সময়, $t = 15\ s$

ভর, $m = m_1 + m_2$

$= (50 + 20)\ kg = 70\ kg$

বাধাদানকারী বলের ক্ষেত্রে,

আমরা জানি,

$v = u + at$

বা, $a = \frac{v - u}{t}$

বা, $a = \frac{(0 - 15)\ ms^{-1}}{15\ s}$

∴ $a = -1\ ms^{-2}$

∴ বাধাদানকারী বল, $F = ma$

$= 70\ kg \times (-1\ ms^{-2}) = -70\ N$

উপরিউক্ত গাণিতিক হিসাব থেকে দেখা যায়, লিথিনের প্রয়োগকৃত বল অপেক্ষা বাধাদানকারী বলের মান কম।

প্রশ্ন –২৪ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

12 kg 10 kg

ক. চিত্রে F_1 এবং F_2 কী? ১

খ. 'রকেট কীভাবে চলে' ব্যাখ্যা কর। ২

গ. সংঘর্ষের পর B বস্তুটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. সংঘর্ষের পূর্বে এবং পরে বস্তুদ্বয়ের ভরবেগ সংরক্ষিত থাকে– বিশ্লেষণ কর। ৪

২৪নং প্রশ্নের উত্তর

ক. B বস্তুর উপর A বস্তুর প্রযুক্ত ক্রিয়া বল হলো F_1 এবং A বস্তুর উপর B বস্তুর বিপরীতমুখী প্রতিক্রিয়া বল হলো F_2।

খ. রকেটের গতিকে গতির ৩য় সূত্র বা ভরবেগের নিত্যতা সূত্র দ্বারা ব্যাখ্যা করা যায়। রকেটের দহন কক্ষে উৎপন্ন গ্যাস রকেটের পশ্চাৎভাগে অবস্থিত ছিদ্র দিয়ে প্রচন্ড গতিতে বের হয়ে যায়। গ্যাস বের হওয়া হলো ক্রিয়া। প্রতিক্রিয়াস্বরূপ রকেট প্রচন্ড গতিতে উপরের দিকে উঠে যায় বা সামনের দিকে যায়।

গ. এখানে,

সংঘর্ষের পূর্বে,

A এর ভর, $m_1 = 12\ kg$

B এর ভর, $m_2 = 10\ kg$

A এর বেগ, $u_1 = 6\ ms^{-1}$

B এর বেগ, $u_2 = 4\ ms^{-1}$

সংঘর্ষের পরে,

A এর বেগ, $v_1 = 4\ ms^{-1}$

B এর বেগ, $v_2 = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$

বা, $(12 \times 6)\ kgms^{-1} + (10 \times 4)\ kgms^{-1}$

$= (12 \times 4)\ kgms^{-1} + 10\ kg \times v_2$

বা, $72\ kgms^{-1} + 40\ kg\ ms^{-1} \times v_2 = 48\ kg\ ms^{-1} + 10\ kg \times v_2$

বা, $10\ kg \times v_2 = 64\ kgms^{-1}$

বা, $v_2 = 6.4\ ms^{-1}$

∴ $v_2 = 6.4\ ms^{-1}$

অতএব, সংঘর্ষের পর B বস্তুটির বেগ $6.4\ ms^{-1}$।

ঘ. আমরা জানি, বস্তুর ভরবেগ = বস্তুর বেগ × বস্তুর ভর

সংঘর্ষের পূর্বে মোট ভরবেগ :

A বস্তুর ভর = 12 kg;

A বস্তুর বেগ = $6\ ms^{-1}$

∴ A বস্তুর ভরবেগ = $12\ kg \times 6\ ms^{-1} = 72\ kgms^{-1}$

এবং B বস্তুর ভর = 10 kg

B বস্তুর বেগ = $4\ ms^{-1}$

∴ B বস্তুর ভরবেগ = $10\ kg \times 4\ ms^{-1} = 40\ kg\ ms^{-1}$

সুতরাং সংঘর্ষের পূর্বে A ও B বস্তুদ্বয়ের মোট ভরবেগ

$= (72 + 40)\ kgms^{-1}$

$= 112\ kgms^{-1}$

সংঘর্ষের পরে মোট ভরবেগ :

A বস্তুর ভর = 12 kg;

A বস্তুর বেগ = $4\ ms^{-1}$

∴ A বস্তুর ভরবেগ = $12\ kg \times 4\ ms^{-1} = 48\ kgms^{-1}$

এবং B বস্তুর ভর = 10 kg

B বস্তুর বেগ = $6.4\ ms^{-1}$ ['গ' নং থেকে]

∴ B বস্তুর ভরবেগ = $10\ kg \times 6.4\ ms^{-1} = 64\ kgms^{-1}$

সুতরাং সংঘর্ষের পরে A ও B বস্তুদ্বয়ের মোট ভরবেগ

$= (48 + 64)\ kgms^{-1}$

$= 112\ kgms^{-1}$

দেখা যাচ্ছে, সংঘর্ষের পূর্বে ও পরে বস্তুদ্বয়ের ভরবেগের সমষ্টি সমান।

অতএব, সংঘর্ষের পূর্বে ও পরে বস্তুদ্বয়ের ভরবেগ সংরক্ষিত থাকে।

প্রশ্ন –২৫ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

একটি রাইফেল থেকে $1\ kms^{-1}$ বেগে 15 g ভরের একটি বুলেট এক টুকরা কাঠের মধ্যে 4.5 cm প্রবেশ করে থেমে গেল।

ক. ঘর্ষণের ফলে হারানো শক্তি কিসে পরিণত হয়? ১

খ. দৈনন্দিন জীবনে ঘর্ষণের সুবিধা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাইফেলের ভর যদি 15 kg হয়, তবে এর পশ্চাৎবেগ নির্ণয় কর। ৩

ঘ. বুলেটকে বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ৪

২৫নং প্রশ্নের উত্তর

ক. ঘর্ষণের ফলে হারানো শক্তি তাপশক্তিতে পরিণত হয়।

খ. ঘর্ষণে অনেক অসুবিধা থাকা সত্ত্বেও দৈনন্দিন জীবনে ঘর্ষণ ছাড়া আমরা কোনো কিছুই করতে পারি না। ঘর্ষণ না থাকলে কোনো গতি শেষ না হয়ে

বিরামহীনভাবে চলতে থাকত। ঘর্ষণ আছে বলেই দেয়ালে পেরেক আটকানো সম্ভব হয়েছে। পাকা দালান ও বাড়ি ঘর নির্মাণ করা যাচ্ছে। কাগজে কলম বা পেনসিল দিয়ে লেখা যাচ্ছে। ঘর্ষণের কারণেই মাটিতে হাঁটতে পারছি, গাড়ির গতি নিয়ন্ত্রণ করতে পারছি, প্যারাসুট ব্যবহার করে বিমান থেকে নিরাপদে মাটিতে অবতরণ সম্ভব হচ্ছে।

গ. উদ্দীপক থেকে পাই, গুলির ভর, $m_1 = 15\ g = 0.015\ kg$

গুলির আদিবেগ, $u_1 = 0\ ms^{-1}$

রাইফেলের ভর, $m_2 = 15\ kg$

রাইফেলের আদিবেগ, $u_2 = 0\ ms^{-1}$

গুলির শেষবেগ, $v_1 = 1\ kms^{-1}$

$= 1000\ ms^{-1}$

রাইফেলের পশ্চাৎ বেগ, $v_2 = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$

বা, $0 + 0 = 0{\cdot}01\ 5\ kg \times 1000\ ms^{-1} + 15\ kg \times v_2$

বা, $v_2 = -\dfrac{15\ kgms^{-1}}{15\ kg}$

$\therefore v_2 = -1\ ms^{-1}$

∴ রাইফেলের পশ্চাৎ বেগ $0{\cdot}1\ ms^{-1}$।

ঘ. উদ্দীপক থেকে গুলিটির আদিবেগ, $u = 1\ kms^{-1}$

$= 1000\ ms^{-1}$

গুলির ভর, $m = 15\ g = 0{\cdot}015\ kg$

শেষবেগ, $v = 0\ ms^{-1}$

দূরত্ব, $s = 4.5\ cm$

$= 0{\cdot}045\ m$

এখন, গুলির ত্বরণ a হলে,

$v^2 = u^2 + 2as$

বা, $0 = (1000\ ms^{-1})^2 + 2a \times 0.045\ m$

বা, $a = \dfrac{-(1000\ ms^{-1})^2}{2 \times 0{\cdot}045\ m}$

$\therefore a = -1{\cdot}11 \times 10^7\ ms^{-2}$

এখন, বল F হলে,

$F = ma$

$= 0.01\ 5\ kg \times (-1.11 \times 10^7\ ms^{-2})$

$= -1{\cdot}67 \times 10^5 N$

অতএব, বুলেটকে বাধাদানকারী বলের মান $1{\cdot}67 \times 10^5\ N$।

প্রশ্ন –২৬ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

একজন শিকারি একটি হরিণকে লক্ষ করে 2 kg ভরের বন্দুক হতে $300\ ms^{-1}$ বেগে একটি গুলি ছুড়ল। গুলিটি একটি গাছে 9 cm প্রবেশ করে থেমে গেল এবং হরিণটি পালিয়ে গেল। গুলিটির ভর 10 g।

?

ক. ঘর্ষণ বল কত প্রকার? ১

খ. যানবাহনের গতি নিয়ন্ত্রণে ব্রেকিং বলের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. বন্দুকের পশ্চাৎবেগ নির্ণয় কর। ৩

ঘ. বাধা প্রদানকারী বলের মান এবং ঐ দূরত্ব অতিক্রম করতে গুলিটির প্রয়োজনীয় সময় নির্ণয় কর। ৪

▸◂ ২৬নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ঘর্ষণ বল চার প্রকার।

খ. যানবাহন চলাচলের সময় প্রয়োজন অনুযায়ী যানবাহনের গতিকে বৃদ্ধি বা হ্রাস করতে হয়। অর্থাৎ যানবাহনের গতিকে নিয়ন্ত্রণের প্রয়োজন পড়ে। ব্রেক হচ্ছে এমন এক ব্যবস্থা যা ঘর্ষণের পরিমাণ বৃদ্ধি করে গাড়ির গতি তথা চাকার ঘূর্ণনকে প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করে। এর মাধ্যমে যানবাহনকে নির্দিষ্ট স্থানে থামানো সম্ভব হয়। যখন গাড়ির চালক ব্রেক প্রয়োগ করেন, তখন এসবেস্টসের তৈরি সু বা প্যাড চাকায় অবস্থিত ধাতব চাকতিকে ধাক্কা দেয়। প্যাড ও চাকতির মধ্যবর্তী ঘর্ষণ চাকার গতিকে কমিয়ে দেয়। ফলে গাড়ির বেগ হ্রাস পায়।

গ. এখানে,

বন্দুকের আদিবেগ, $u_1 = 0\ ms^{-1}$

গুলির আদিবেগ, $m_1 = 2\ kg$

গুলির শেষবেগ, $v_2 = 300\ ms^{-1}$

গুলির ভর, $m_2 = 10g = 0{\cdot}01\ kg$

বন্দুকের শেষবেগ, $v_1 = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$

বা, $0 + 0 = 2kg \times v_1 + 0{\cdot}01\ kg \times 300\ ms^{-1}$

বা, $v_1 = \dfrac{-3\ kg\ ms^{-1}}{2kg}$

$\therefore v_1 = -1{\cdot}5\ ms^{-1}$

অতএব, বন্দুকের পশ্চাৎ বেগ $1.5\ ms^{-1}$

ঘ. এখানে,

বন্দুকের আদিবেগ, $u = 300\ ms^{-1}$

গুলির ভর, $m = 10\ g = 0{\cdot}01\ kg$

গুলির শেষবেগ, $v = 0\ ms^{-1}$

অতিক্রান্ত দূরত্ব, $s = 9\ cm = 0{\cdot}09\ m$

এখন, গুলির ত্বরণ a হলে,

$v^2 = u^2 + 2as$

বা $a = \dfrac{v^2 - u^2}{2s}$

$= \dfrac{(0\ ms^{-1})^2 - (300\ ms^{-1})^2}{2 \times 0{\cdot}09\ m}$

$\therefore a = -5 \times 10^5 ms^{-2}$

গুলিটিতে বাধা প্রদানকারী বলের মান F হলে,

$F = ma$

$= 0{\cdot}01\ kg \times (-5 \times 10^5\ ms^{-2})$

$= -5000\ N$

∴ বাধা প্রদানকারী বলের মান $5000\ N$।

ঐ দূরত্ব অতিক্রম করতে গুলিটির প্রয়োজনীয় সময় t হলে,

$v = u + at$

বা, $t = \dfrac{v - u}{a}$

$= \dfrac{0\ ms^{-1} - 300ms^{-1}}{-5 \times 10^5 ms^{-2}}$

$\therefore t = 6 \times 10^{-4} s$

অতএব, ঐ দূরত্ব অতিক্রম করতে গুলিটির $6 \times 10^{-4}s$ সময় লাগবে।

প্রশ্ন –২৭ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

10 cm পুরুত্ব বিশিষ্ট 15টি তক্তার একটি বান্ডিল খাড়া অবস্থা রাখা আছে। রাজু $400\ ms^{-1}$ বেগে 10g ভরের একটি গুলি ছুড়ল। গুলিটি 10টি তক্তা ভেদ করার পর এর বেগ অর্ধেক হয়ে গেল।

ক. স্থিতি কী? ১
খ. পরম স্থিতি ও পরম গতি পাওয়া সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. গুলির ওপর তক্তার বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ৩
ঘ. গুলিটি সব তক্তা ভেদ করতে পারবে কি? গাণিতিক যুক্তিসহকারে আলোচনা কর। ৪

২৭নং প্রশ্নের উত্তর

ক. সময়ের পরিবর্তনের সাথে যখন কোনো বস্তুর পারিপার্শ্বিকের সাপেক্ষে স্বীয় অবস্থানের পরিবর্তন না ঘটে তখন এর অবস্থাকে বলা হয় স্থিতি।

খ. আমরা সাধারণত কোনো প্রসজ্ঞা বস্তুর সাপেক্ষে অন্য বস্তুকে স্থিতিশীল বা গতিশীল বলে থাকি। কিন্তু এ মহাবিশ্বে এমন কোনো প্রসজ্ঞা বস্তু পাওয়া সম্ভব নয়, যা প্রকৃতপক্ষে স্থির রয়েছে। কারণ, পৃথিবী প্রতিনিয়ত সূর্যের চারদিকে ঘুরছে, সূর্যও তার গ্রহ, উপগ্রহ নিয়ে নভোমন্ডলের চারদিকে ঘুরছে। কাজেই আমরা যখন কোনো বস্তুকে স্থিতিশীল বা গতিশীল বলি, তা আমরা কোনো আপাত স্থিতিশীল বস্তুর সাপেক্ষে বলে থাকি। এজন্যই পরম স্থিতি ও পরম গতি পাওয়া সম্ভব নয়।

গ. এখানে,

গুলির আদিবেগ, $u = 400\ ms^{-1}$

শেষবেগ, $v = \frac{u}{2}\ ms^{-1}$

$= \frac{400}{2}\ ms^{-1} = 200\ ms^{-1}$

অতিক্রান্ত দূরত্ব, $s = (10 \times 10)\ cm$

$= 100\ cm = 1m$

এখন, গুলির ত্বরণ a হলে,

$v^2 = u^2 + 2as$

বা, $a = \frac{v^2 - u^2}{2s}$

$= \frac{(200\ ms^{-1})^2 - (400\ ms^{-1})^2}{2 \times 1\ m}$

$= -6 \times 10^4\ ms^{-2}$

গুলির ভর, $m = 10\ g$

$= 0.01\ kg$

আবার, বাধাদানকারী বল F হলে,

$F = ma$

$= 0.01\ kg \times -6 \times 10^4\ ms^{-2}$

$= -600\ N$

অতএব, বাধাদানকারী বলের মান 600 N।

ঘ. এখানে,

গুলির আদিবেগ, $u = 400\ ms^{-1}$

ত্বরণ, $a = -6 \times 10^4\ ms^{-2}$

এখন, গুলিটি s দূরত্ব অতিক্রম করে থেমে গেলে শেষবেগ হবে, $v = 0$

$\therefore v^2 = u^2 + 2as$

বা, $s = \frac{v^2 - u^2}{2a}$

$= \frac{(0\ ms^{-1})^2 - (400\ ms^{-1})^2}{2 \times (-6 \times 10^4\ ms^{-2})}$

$\therefore s = 1.33\ m$

এখানে, সবগুলো তক্তা ভেদ করতে হলে গুলিকে মোট দূরত্ব অতিক্রম করতে হবে = $(10 \times 15)\ cm = 150\ cm = 1.5\ m$

যা 1.33 m অপেক্ষা বেশি।

অতএব গুলিটি সব তক্তা ভেদ করতে পারবে না।

প্রশ্ন –২৮ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

1000 kg ভরের একটি গাড়ি রাতের অন্ধকারে $10\ ms^{-1}$ বেগে সরল পথে চলছিল। হঠাৎ রাস্তায় দাড়িয়ে থাকা 1200 kg ভরের অপর একটি ট্রাকের সাথে ধাক্কা খেয়ে আটকে গেল। মিলিত গাড়ি দুটি একই পথে চলতে থাকল।

ক. গতিশীল বস্তু থামাতে কিসের প্রয়োজন? ১
খ. মহাকর্ষ বল অস্পর্শ বল কেন? ব্যাখ্যা কর। ২
গ. গাড়ি দুটির মিলিত বেগ নির্ণয় কর। ৩
ঘ. সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগ সংরক্ষিত হলেও গতিশক্তি সংরক্ষিত হয়নি– উক্তিটির পক্ষে যুক্তি দাও। ৪

২৮নং প্রশ্নের উত্তর

ক. গতিশীল বস্তু থামাতে বলের প্রয়োজন।

খ. দুটি বস্তুর প্রত্যক্ষ স্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শ বল বলে। কোনো বস্তুকে উপরে নিক্ষেপ করলে বস্তুটি পৃথিবীর মহাকর্ষ বলের প্রভাবে নিচে নেমে আসে। বস্তু ও পৃথিবীর মধ্যে সরাসরি কোনো সংযোগ নেই অর্থাৎ পৃথিবী বস্তুকে স্পর্শ করেনি। সুতরাং মহাকর্ষ বল অস্পর্শ বল।

গ. এখানে, গাড়ির ভর, $m_1 = 1000\ kg$

গাড়ির বেগ, $u_1 = 10\ ms^{-1}$

ট্রাকের ভর, $m_2 = 1200\ kg$

ট্রাকের বেগ, $u_2 = 0\ ms^{-1}$

মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = (m_1 + m_2)\ v$

বা, $v = \frac{m_1u_1 + m_2u_2}{m_1 + m_2}$

$= \frac{1000 \times 10 + 1200 \times 0}{1000 + 1200}\ ms^{-1}$

$= \frac{10000 + 0}{2200}\ ms^{-1}$

$= 4.545\ ms^{-1}$

$\therefore v = 4.55\ ms^{-1}$

অতএব, গাড়ি দুটির মিলিত বেগ $4.55\ ms^{-1}$।

ঘ. এখানে, $m_1 = 1000\ kg$

$m_2 = 1200\ kg$

$u_1 = 10\ ms^{-1}$

$u_2 = 0\ ms^{-1}$

সংঘর্ষের পূর্বে,

গাড়ির ভরবেগ = m_1u_1

$= 1000\ kg \times 10\ ms^{-1}$

$= 1000\ kgms^{-1}$

ট্রাকের ভরবেগ = m_2u_2

$= 1200\ kg \times 0\ ms^{-1}$

$= 0\ kgms^{-1}$

সংঘর্ষের পূর্বে গাড়ি দুটির মোট ভরবেগ

$= m_1u_1 + m_2u_2$

$= 1000\ kgms^{-1} \times 0\ kgms^{-1}$

$= 10000\ kgms^{-1}$

সংঘর্ষের পর গাড়ি দুটির মিলিত বেগ, $v = 4{\cdot}55\ ms^{-1}$

∴ সংঘর্ষের পর গাড়ি দুটির মোট ভরবেগ,

$= (m_1 + m_2)\ v$

$= (1000 + 1200)\ kg \times 4{\cdot}55\ ms^{-1}$

$= 10000\ kgms^{-1}$

সুতরাং ভরবেগ সংরক্ষিত ছিল।

গতিশক্তির সংরক্ষণ : সংঘর্ষের পূর্বে,

গাড়ির গতিশক্তি, $E_1 = \frac{1}{2} m_1u_1^2$

$= \frac{1}{2} \times 1000\ kg \times (10\ ms^{-1})^2 = 50000\ J$

ট্রাকের গতিশক্তি, $E_2 = \frac{1}{2} m_2u_2^2$

$= \frac{1}{2} \times 1200\ kg \times (0\ ms^{-1})^2$

∴ সংঘর্ষের পূর্বে মোট গতিশক্তি $= E_1 + E_2$

$= 50000\ J + 0\ J = 50000\ J$

সংঘর্ষের পর মোট গতিশক্তি $= \frac{1}{2} (m_1 + m_2)\ v^2$

$= \frac{1}{2} (1000 + 1200)\ kg \times (4.55\ ms^{-1})^2$

$= 22772{\cdot}75\ J$

সুতরাং সংঘর্ষের ফলে গাড়ি দুটির গতিশক্তি সংরক্ষিত হয়নি।

অর্থাৎ সংঘর্ষের ফলে গাড়ি দুটির ভরবেগ সংরক্ষিত হলেও গতিশক্তি সংরক্ষিত হয়নি– উক্তিটি যথার্থ।

প্রশ্ন –২৯ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

একটি বন্দুক হতে 50 g ভরের গুলির উপর 500 N বল 0.5 s ধরে ক্রিয়া করায় গুলিটি একটি কাঠের গুড়ির মধ্যে প্রবেশ করতে শুরু করে। কাঠের গুড়িটির পুরুত্ব 2 m এবং বাধাদানকারী বল $2 \times 10^3 N$।

ক. গাড়ির চাকার উপর কী ধরনের বল ক্রিয়া করে? ১

খ. গতিশীল ২টি বস্তুর বেগের পরিবর্তন একই হলেও বলের ঘাত ভিন্ন হতে পারে– ব্যাখ্যা কর। ২

গ. কাঠের গুড়িকে আঘাত করার সময় গুলির বেগ নির্ণয় কর। ৩

ঘ. গুলিটি কাঠের গুড়িকে ভেদ করবে কিনা – গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২৯নং প্রশ্নের উত্তর

ক. গাড়ির চাকার উপর আবর্ত ঘর্ষণ বল ক্রিয়া করে।

খ. আমরা জানি, বলের ঘাত বস্তুর ভরবেগের পরিবর্তনের সমান। এখন, দুটি বস্তুর বেগের পরিবর্তন সমান হলেও এদের ভর অসমান হলে ভরবেগের পরিবর্তন অসমান হবে। ফলে বলের ঘাতও অসমান হবে।

গ. এখানে, বল, $F = 500\ N$

ভর, $m = 50\ g = 0{\cdot}05\ kg$

সময়, $t = 0{\cdot}5\ s$

আদিবেগ, $u = 0$

এখন,

ত্বরণ a হলে, $a = \frac{F}{m}$

$= \frac{500\ N}{0{\cdot}05\ kg}$

$= 10000\ ms^{-2}$

কাঠের গুড়িটিকে আঘাত করার সময় বেগ v হলে,

$v = u + at$

বা, $v = 0 + 10000\ ms^{-2} \times 0{\cdot}5\ s$

∴ $v = 5000\ ms^{-1}$

ঘ. এখানে,

বাধাদানকারী বল, $F = -2 \times 10^3\ N$

গুলির ভর, $m = 50\ g$

$= 0{\cdot}05\ kg$

∴ সৃষ্ট ত্বরণ, $a = \frac{-2 \times 10^3 N}{0{\cdot}05\ kg}$

$= -4 \times 10^4\ ms^{-2}$

গুলিটির শেষবেগ, $v = 0$

আদিবেগ, $u = 5000\ ms^{-1}$ ['গ' নং থেকে]

এখন, গুলিটির অতিক্রান্ত দূরত্ব s হলে,

$v^2 = u^2 + 2as$

বা, $s = \frac{v^2 - u^2}{2a}$

$= \frac{0 - (500\ ms^{-1})^2}{2 \times (-4 \times 10^4\ ms^{-2})}$

$= 3.125\ m$

এখানে, $2\ m < 3.125\ m$

অতএব, গুলিটি কাঠের গুড়িকে ভেদ করতে পারবে।

প্রশ্ন –৩০ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

রিফাত বন্দুক নিয়ে শিকারে বের হলো। যার ভর 0.2 kg। সে একটি পাখি দেখতে পেয়ে বন্দুক থেকে একটি গুলি ছুড়ল। গুলির ভর 10 g এবং গুলি ছোড়ার মুহূর্তে বেগ 500 m/s।

ক. মৌলিক বলগুলোর মধ্যে সর্বাপেক্ষা দূর্বল বল কোনটি? ১

খ. বিভিন্ন স্থানে অভিকর্ষজ ত্বরণ 'g' এর মানের তারতম্য হয়– সূত্রের সাহায্যে দেখাও। ২

গ. বন্দুকটির পশ্চাৎ বেগ ব্যাখ্যা কর। ৩

ঘ. বন্দুক ও গুলির সংঘর্ষের পূর্বের ও পরের ভরবেগের সমষ্টি সর্বদা সমান থাকে বিশ্লেষণ কর। ৪

৩০নং প্রশ্নের উত্তর

ক. মৌলিক বলগুলোর মধ্যে সর্বাপেক্ষা দুর্বল বল হলো মহাকর্ষ বল।

খ. পৃথিবীর কেন্দ্র থেকে ভূপৃষ্ঠের দূরত্ব অর্থাৎ পৃথিবীর ব্যাসার্ধ R হলে ভূপৃষ্ঠে, $g = \frac{GM}{R^2}$

এখানে, G মহাকর্ষীয় সার্বজনীন ধ্রুবক এবং M পৃথিবীর ভর। তাই অভিকর্ষজ ত্বরণ g এর মান পৃথিবীর কেন্দ্র থেকে ভূপৃষ্ঠের দূরত্ব R এর

উপর নির্ভর করে। যেহেতু পৃথিবীর ব্যাসার্ধ R ধ্রুবক নয় তাই R এর পরিবর্তনে পৃথিবীর বিভিন্ন স্থানে g অভিকর্ষজ ত্বরণ g-এ মানের তারতম্য হয়।

গ. এখানে,

কন্দুকের ভর, $M = 2\text{ kg}$

গুলির ভর, $m = 10\text{ g}$

$= 0.01\text{ kg}$

গুলির বেগ, $v = 500\text{ ms}^{-1}$

কন্দুকের পশ্চাৎ বেগ, $V = ?$

আমরা জানি,

$$MV = -\,mv$$

বা, $V = \dfrac{-mv}{M}$

$$= \frac{-\,0.01\text{ kg} \times 500\text{ ms}^{-1}}{2\text{ kg}}$$

$$= -2.5\text{ ms}^{-1}$$

অতএব, কন্দুকটির পশ্চাৎ বেগ 2.5 ms^{-1}।

ঘ. এখানে,

গুলির আদিবেগ, $u_1 = 500\text{ ms}^{-1}$

গুলির শেষবেগ, $v_1 = 0\text{ ms}^{-1}$

গুলির ভর, $m_1 = 10\text{ g} = 0.01\text{ kg}$

কন্দুকের আদিবেগ, $u_2 = 0\text{ ms}^{-1}$

কন্দুকের শেষবেগ, $v_2 = 2{\cdot}5\text{ ms}^{-1}$

কন্দুকের ভর, $m_2 = 2\text{ kg}$

আমরা জানি,

কন্দুক ও গুলির সংঘর্ষের পূর্বের ভরবেগ $= m_1u_1 + m_2u_2$

$= 0.01\text{ kg} \times 500\text{ ms}^{-1} + 2\text{ kg} \times 0\text{ ms}^{-1}$

$= 5\text{ kgms}^{-1}$

আবার,

কন্দুক ও গুলির সংঘর্ষের পরের ভরবেগ $= m_1v_1 + m_2v_2$

$= 0{\cdot}01\text{ kg} \times 0\text{ ms}^{-1} + 2\text{ kg} \times 2{\cdot}5\text{ ms}^{-1}$

$= 5\text{ kgms}^{-1}$

অতএব, উপরিউক্ত গাণিতিক বিশ্লেষণ থেকে বলা যায়, কন্দুক ও গুলির সংঘর্ষের পূর্বের ও পরের ভরবেগের সমষ্টি সর্বদা সমান থাকে।

প্রশ্ন –৩১ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

প্লাবন হরিণ শিকার করার জন্য 3 kg ভরের একটি কন্দুক কিনল। কন্দুকটি থেকে 10 g ভরের গুলি 200 ms^{-1} বেগে বেরিয়ে যায়। এতে করে সে পিছনের দিকে ধাক্কা অনুভব করে। এ সমস্যা সমাধানের জন্য অনিক তাকে ভারী কন্দুক কিনতে বললেন। এরপর প্লাবন 6 kg ভরের একটি কন্দুক কিনলেন। এ কন্দুক থেকেও 10 g ভরের গুলি 200 ms^{-1} বেগে বের হয়।

?

ক. নিউটনের কোন সূত্র বল ও ত্বরণের মধ্যে সম্পর্ক স্থাপন করে। ১

খ. ভরবেগ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের 3 kg ভরবিশিষ্ট কন্দুকের পশ্চাৎ বেগ কত? ৩

ঘ. ভারী কন্দুক ব্যবহার করার ফলে পশ্চাৎ বেগের মানের কী পরিবর্তন হলো? এর ফলে ধাক্কাজনিত সমস্যার সমাধান হলো কিনা – যুক্তি দেখাও। ৪

৩১নং প্রশ্নের উত্তর

ক. নিউটনের দ্বিতীয় সূত্র বল ও ত্বরণের মধ্যে সম্পর্ক স্থাপন করে।

খ. বস্তুর ভর ও বেগের গুণফলকে ভরবেগ বলে।

ভরবেগের মাত্রা হলো $[MLT^{-1}]$

এবং ভরবেগের একক হলো kgms^{-1}

গ. উদ্দীপক হতে পাই,

কন্দুকের ভর, $M = 3\text{ kg}$

গুলির ভর, $m = 10\text{ g} = 0.01\text{ kg}$

গুলির বেগ, $v = 200\text{ ms}^{-1}$

কন্দুকের পশ্চাৎ বেগ, $V = ?$

আমরা জানি,

$$MV = -mv$$

বা, $V = \dfrac{-\,mv}{M}$

$$= \frac{-0.01\text{ kg} \times 200\text{ ms}^{-1}}{3\text{ kg}}$$

$$= -\,0.6666\text{ ms}^{-1} = -0.67\text{ ms}^{-1}$$

কন্দুকের বেগ ঋণাত্মক অর্থাৎ কন্দুকটি পিছনের দিকে গতিশীল হবে।

অতএব, 3 kg ভরবিশিষ্ট কন্দুকের পশ্চাৎ বেগ 0.67 ms^{-1}।

ঘ. এখানে, কন্দুকের ভর, $M = 6\text{ kg}$

গুলির ভর, $m = 10\text{ g} = 0.01\text{ kg}$

গুলির বেগ, $v = ?$

কন্দুকের পশ্চাৎ বেগ, $V = ?$

উদ্দীপকে উল্লিখিত, ভারী কন্দুক অর্থাৎ 6 kg ভরের কন্দুকের ক্ষেত্রে আমরা পাই,

$$MV = -\,mv$$

বা, $V = \dfrac{-mv}{M}$

$$= \frac{-0.01\text{ kg} \times 200\text{ ms}^{-1}}{6\text{ kg}} = -0.33\text{ ms}^{-1}$$

এখানে, কন্দুকের বেগ ঋণাত্মক অর্থাৎ কন্দুকটি পিছনের দিকে গতিশীল হবে।

অতএব, ভারী কন্দুক অর্থাৎ 6 kg ভরের কন্দুকের পশ্চাৎ বেগ 0.33 ms^{-1}

'গ' হতে আমরা পাই, 3 kg ভরের কন্দুকের পশ্চাৎ বেগ 0.67 ms^{-1}

সুতরাং, ভারী কন্দুক ও হালকা কন্দুকের মধ্যে পশ্চাৎ বেগের পার্থক্য

$= (0.67 - 0.33)\text{ ms}^{-1} = 0.34\text{ ms}^{-1}$

অতএব, ভারী কন্দুক ব্যবহারের ফলে পশ্চাৎ বেগ হালকা কন্দুক অর্থাৎ 3 kg ভরের কন্দুকের গুলি থেকে 0.34 ms^{-1} পশ্চাৎ বেগ হ্রাস পায়। ফলে কন্দুকধারী আগের থেকে কম ধাক্কা অনুভব করবে।

প্রশ্ন–৩২ ▸ সালাম তার খামারে উৎপাদিত ডিম বিক্রি করার জন্য একটি ট্রাক ভাড়া নেয় এবং ডিমগুলো যথাযথভাবে প্যাকেট করে ট্রাকে ওঠায়। ডিমসহ ট্রাকের ভর 2.5×10^5 kg। ট্রাকটি 72 kmh^{-1} বেগে চলছিল। পথিমধ্যে চালক ট্রাকের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। দুর্ঘটনা অনিবার্য দেখে চালক ট্রাকটিকে রাস্তার পাশের একটি খড়ের গাদার উপর উঠিয়ে দেয়। ট্রাকটি 1.0 sec-এ থেমে যায়। এতে সালাম বড় দুর্ঘটনা হতে রক্ষা পায়। সংঘর্ষে সালাম আহত হলেও অধিকাংশ ডিম অক্ষত থাকে।

ক. বল কাকে বলে? ১

খ. দুর্ঘটনায় সালাম আহত হলেও অধিকাংশ ডিম কেন অক্ষত অবস্থায় রয়ে গেল ব্যাখ্যা কর। ২

গ. ট্রাকের উপর ক্রিয়ারত বলের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. "চালক ট্রাকটিকে নরম খড়ের গাদার উপর উঠিয়ে দেওয়ায় সালাম বড় ধরনের দুর্ঘটনা হতে রক্ষা পায়" গাণিতিক বিশ্লেষণের সাহায্যে এর যথার্থতা নির্ণয় কর। ৪

প্রশ্ন–৩৩ ▸ একটি রাইফেল থেকে 1 kms^{-1} বেগে 10g ভরের একটি বুলেট এক টুকরা কাঠের মধ্যে 4.5 cm প্রবেশ করে থেমে গেল।

ক. গতি জড়তা কী? ১

খ. দৈনন্দিন জীবনে ঘর্ষণের সুবিধা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাইফেলের ভর যদি 15 kg হলে এর পশ্চাৎ বেগ নির্ণয় কর। ৩

ঘ. বুলেটকে বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ৪

প্রশ্ন–৩৪ ▸ একদিন পদার্থবিজ্ঞান ক্লাসে শিক্ষক বাধাদানকারী বল সম্পর্কে আলোচনা করলেন যে, এক ধরনের বাধাদানকারী বল আছে যা বস্তুর গতিকে মন্থর করে। এ বল আমাদের দৈনন্দিন জীবনে অনেক সমস্যার সৃষ্টি করলেও যানবাহন চালনার জন্য এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিভিন্ন উদাহরণ দিয়ে ছাত্রদের বাধাদানকারী বলের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন।

ক. প্রবাহী ঘর্ষণ কী? ১

খ. আবর্ত ঘর্ষণ ব্যাখ্যা কর। ২

গ. বাধাদানকারী বলকে দৈনন্দিন জীবনে কীভাবে সীমিত করা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. যানবাহন চলাচলে, টায়ারের পৃষ্ঠ, রাস্তার মসৃণতা এবং গতি নিয়ন্ত্রণে এ বলের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

প্রশ্ন–৩৫ ▸ যা স্থির বস্তুর উপর ক্রিয়া করে তাকে গতিশীল করে বা করতে চায় বা যা গতিশীল বস্তুর উপর ক্রিয়া করে তার গতির পরিবর্তন করে বা করতে চায় তাকে বল বলে। প্রকৃতিকে বিদ্যমান মৌলিক বল আছে চারটি। বাকিগুলো এদের কোনো না কোনো রূপ।

ক. মৌলিক বল কাকে বলে? ১

খ. লুব্রিকেন্ট যন্ত্রপাতিকে কীভাবে ভালো রাখে? ২

গ. মৌলিক বলগুলোর তীব্রতা তুলনা কর। ৩

ঘ. সাম্য ও অসাম্য বল যুক্তি সহকারে আলোচনা কর। ৪

প্রশ্ন–৩৬ ▸ 1200 kg ভরের একটি ট্রাক 15ms^{-2} দ্রুতিতে চলছিল। তার চলার পথে সামনে থাকা 800 kg ভরের স্থির ট্রাকের সাথে ধাক্কা খায় এবং একে অপরের সাথে আটকে যায়। মিলিত অবস্থায় ট্রাক দুটি সামনের দিকে 100 m গিয়ে থেমে যায়।

ক. বলের ঘাত কাকে বলে? ১

খ. রকেট কীভাবে চলে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত গাড়ি দুটির বেগ নির্ণয় কর। ৩

ঘ. প্রদত্ত তথ্য হতে চলমান গাড়িটির বাধাদানকারী বলের মান নির্ণয় সম্ভব কিনা যাচাই কর। ৪

প্রশ্ন–৩৭ ▸ সৌরভ একটি পাখিকে লক্ষ করে 5 kg ভরের বন্দুক হতে একটি গুলি ছুড়ল। গুলিটির ভর 10 kg এবং এটি বন্দুকের নল হতে 400 ms^{-1} বেগে বেরিয়ে গেল। এ সময় সৌরভ কাঁধে ধাক্কা অনুভব করল।

ক. নিউটনের গতিবিষয়ক তৃতীয় সূত্র বিবৃত কর। ১

খ. অমসৃণ কাগজে লেখা কঠিন কেন? ২

গ. বন্দুকটির পশ্চাৎ বেগ নির্ণয় কর। ৩

ঘ. বন্দুক ও গুলির ক্ষেত্রে ভরবেগের সংরক্ষণ হয় কিনা গাণিতিকভাবে যাচাই কর। ৪

প্রশ্ন–৩৮ ▸ 1000 kg ভরের একটি গাড়ি 10 ms^{-1} বেগে চলছিল। চলন্ত অবস্থায় 800 kg ভরের একটি স্থির গাড়িকে ধাক্কা দিল। ধাক্কার পর গাড়ি দুটি মিলিত হয়ে 100 m দূরত্ব অতিক্রম করে থেমে গেল।

ক. ধাক্কা কী? ১

খ. নিউটনের গতিবিষয়ক তৃতীয় সূত্র ব্যাখ্যা কর। ২

গ. সংঘর্ষের পর গাড়ি দুটির মিলিত বেগ নির্ণয় কর। ৩

ঘ. চলমান গাড়িটির উপর স্থির গাড়িটির বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ৪

প্রশ্ন–৩৯ ▸ একটি বাস 10^8 kmh^{-1} বেগে ঢাকা–আরিচা মহাসড়ক দিয়ে যাচ্ছিল। হঠাৎ বাসের চালক 46 m দূরে একজন অন্ধ পথচারীকে দেখতে পেলেন এবং সাথে সাথে ব্রেক চাপ দিলেন। এতে বাসের যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়লেন। কিন্তু বাসটি পথচারীর 1 m সামনে এসে থেমে গেল। ফলে দুর্ঘটনা এড়ানো সম্ভব হলো।

ক. জড়তা কী? ১

খ. বাসের যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. বাসটিতে কী পরিমাণ বল প্রয়োগ করা হয়েছিল যদি তার ভর 1500 kg হয়? ৩

ঘ. একই মন্দন থাকলে বাসটিতে সর্বোচ্চ কত আদিবেগে চলতে থাকলে দুর্ঘটনা এড়ানো সম্ভব– গাণিতিকভাবে দেখাও। ৪

প্রশ্ন–৪০ ▸ হবিগঞ্জ থেকে ঢাকাগামী 4500 kg ভরের একটি যাত্রীবাহী বাস 5 ms^{-1} বেগে চলন্ত অবস্থায় রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা 8000 kg ভরের একটি ট্রাকের সাথে সংঘর্ষ ঘটল। সংঘর্ষের ফলে বাস ও ট্রাক একত্রে মিলিত হয়ে চলতে থাকল।

ক. বল কী? ১

খ. চলন্ত বাস হঠাৎ ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়েন কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত গাড়ি দুটির মিলিত অবস্থায় বেগ নির্ণয় কর। ৩

ঘ. 'বাস ও ট্রাকের বলের ঘাত সমান কিন্তু বিপরীত'– উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

প্রশ্ন–৪১ ▸ স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে 20 kg ভরের একটি বস্তু 10 s এ 250 m দূরত্ব অতিক্রম করে। এরপর এটি সমবেগে চলে।

ক. ভৌত রাশির মাত্রা কী? ১

খ. 'ভর জড়তার পরিমাপক'– ব্যাখ্যা কর। ২

গ. সুষম ত্বরণে 5 sec- এ বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে? ৩

ঘ. উল্লিখিত সময়ে 500 m পথ অতিক্রম করতে হলে প্রযুক্ত বলের মান কত হওয়া প্রয়োজন? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

প্রশ্ন–৪২ শরীফ ও মাসুদ নৌকায় বাড়ি ফিরছিল। নৌকা তীরে আসার পর মাসুদ নৌকা থেকে 3 ms^{-1} বেগে তীরে লাফ দিল। মাসুদ, শরীফ ও নৌকার ভর যথাক্রমে 40 kg, 50 kg এবং 200 kg।

ক. জড়তা কী? ১

খ. নিউটনের গতির দ্বিতীয় সূত্র থেকে প্রথম সূত্র প্রতিপাদন কর। ২

গ. মাসুদ লাফ দেওয়ার সময় নৌকাটির পশ্চাৎ বেগ কত হবে? ৩

ঘ. মাসুদ লাফ দেওয়ার মুহূর্তে শরীফ নৌকার বিপরীত প্রান্তে দাঁড়িয়ে 4 ms^{-1} বেগে নদীতে লাফ দিলে নৌকার বেগ কত হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

প্রশ্ন–৪৩ 500 kg ভরের একটি প্রাইভেট কার এবং 3000 kg ভরের একটি মালবাহী ট্রাক উভয় 15 m/s বেগে চলছিল। হঠাৎ এক পথচারীকে দেখে উভয়েই ব্রেক করল। এতে প্রাইভেট কারটি 5 s-এ থামল।

ক. ভরবেগের সংরক্ষণ সূত্রটি লেখ। ১

খ. সরণ কি অতিক্রান্ত দূরত্বের থেকে বেশি হতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রাইভেট কারটির ব্রেকজনিত প্রতিরোধকারী বলের মান কত? ৩

ঘ. উদ্দীপকের ট্রাকটি থামানোর জন্য (গ) এর সমান বল প্রয়োগ করলে একই সময় ট্রাকটিকে থামানো যাবে কি? গাণিতিকভাবে কারণ বিশ্লেষণ কর। ৪

প্রশ্ন–৪৪ **নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



A বস্তুটি স্থির কিন্তু B বস্তুটি 10 ms^{-1} বেগে চলছে। বস্তু দুটিতে বাহ্যিক কোনো বল প্রযুক্ত হয় না।

ক. জড়তা কাকে বলে? ১

খ. 10 kg পাথর ও তুলার জড়তা একই কি? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত সময়ে B বস্তুটির ত্বরণ পাওয়া যায় কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. বস্তুদ্বয় গতির কোন সূত্র সমর্থন করে তা যুক্তিতে মূল্যায়ন কর। ৪

প্রশ্ন–৪৫ একটি স্টিলের পাতের ওপর মেশিনগান দিয়ে মিনিটে 240 টি গুলি করা হচ্ছে। প্রতিটি গুলির ভর 10 g এবং বেগ 600 ms^{-1}। গুলিগুলো স্টিলের পাতে লাগার পর অর্ধেক বেগে ফিরে আসছে। হঠাৎ ফিরে আসা একটি বুলেট পাতের পাশে রক্ষিত একটি কাঠের গুঁড়ির মধ্যে 4·5 cm প্রবেশ করে থেমে গেল।

ক. জড়তা কাকে বলে? ১

খ. ক্রিয়া–প্রতিক্রিয়া বল ব্যাখ্যা কর। ২

গ. কাঠে প্রবেশ করতে বুলেটের কত সময় লেগেছিল? ৩

ঘ. পাতটি ধরে রাখতে প্রয়োজনীয় বলের গাণিতিক ব্যাখ্যা কর। ৪

প্রশ্ন –৪৬ **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

স্থির অবস্থান থেকে সুষম ত্বরণে 20 kg ভরের একটি বস্তু 10 s-এ 250 m দূরত্ব অতিক্রম করে। এরপর এটি সমবেগে চলে। [অধ্যায় ২য় ও ৩য়]

ক. অসম বেগ কী? ১

খ. কোনো বস্তুর উপর মোট বল শূন্য হলে ত্বরণ শূন্য হয় কেন? ২

গ. সুষম ত্বরণে 5 s-এ বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে? ৩

ঘ. উল্লিখিত 500 m পথ অতিক্রম করতে হলে প্রযুক্ত বলের মান কত হওয়া প্রয়োজন? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪৬নং প্রশ্নের উত্তর

ক. কোনো বস্তুর গতিকালে যদি তার মান বা দিক বা উভয়ের পরিবর্তন ঘটে তাহলে সে বেগকে অসম বেগ বলে।

খ. কোনো বস্তুর ওপর ক্রিয়াশীল মোট বল শূন্য হলে বস্তুর ত্বরণ শূন্য হয়। এর কারণ, বস্তুর ভর কখনো শূন্য হতে পারে না।

আমরা জানি, বল = ভর × ত্বরণ। যেহেতু, বস্তুর ভরের সবসময়ই একটি মান থাকবে। তাই বলের মান শূন্য হতে হলে ত্বরণের মান অবশ্যই শূন্য হবে। এজন্যই কোনো বস্তুর ওপর মোট বল শূন্য হলে ত্বরণ শূন্য হয়।

গ. উদ্দীপক থেকে পাই,

বস্তুটির আদিবেগ, $u = 0\ ms^{-1}$

সময়, $t = 10\ s$

অতিক্রান্ত দূরত্ব, $s = 250\ m$

এখন, ত্বরণ a হলে

$$s = ut + \frac{1}{2}at^2$$

বা, $250\ m = 0 \times 10\ s + \frac{1}{2} \times a \times (10\ s)^2$

বা, $a = \frac{2 \times 250\ m}{100 s^2}$

$\therefore\ a = 5\ ms^{-2}$

এখন, সুষম ত্বরণে 5 s এ বস্তুটির অতিক্রান্ত দূরত্ব,

$$s_1 = ut_1 + \frac{1}{2}at_1^2$$

$$= 0 \times 5\ s + \frac{1}{2} \times 5\ ms^{-2} \times (5\ s)^2\ [\because\ u = 0\ ms^{-1},\ t_1 = 5\ s]$$

$$= \frac{1}{2} \times 5\ ms^{-2} \times 25\ s^2 = 62.5\ m$$

অতএব, সুষম ত্বরণে 5 s-এ বস্তুটি 62.5 m দূরত্ব অতিক্রম করে।

ঘ. 'গ' নং থেকে পাই,

বস্তুটিতে সৃষ্ট সুষম ত্বরণ, $a = 5\ ms^{-2}$

বস্তুটির ভর, $m = 5\ kg$

∴ ১ম পর্যায়ে বস্তুটির উপর প্রযুক্ত বল,

$F = ma$

বা, $F = 5\ kg \times 5\ ms^{-2}$

$\therefore\ F = 25\ N$

এখন, উল্লিখিত সময়ে অর্থাৎ $t = 10\ s$ সময়ে $s_1 = 500\ m$ পথ অতিক্রম করলে, যদি বস্তুটির ত্বরণ a_1 হয় তাহলে,

$$s_1 = ut + \frac{1}{2}a_1t^2$$

বা, $500\ m = 0 \times 10\ s + \frac{1}{2} \times a_1 + (10\ s)^2$

বা, $500\ m = \frac{1}{2} \times a_1 \times 100\ s^2$

বা, $a_1 = \frac{2 \times 500\ m}{100\ s^2}$

$\therefore\ a_1 = 10\ ms^{-2}$

এখন, বস্তুটির উপর প্রযুক্ত বল F_1 হলে,

$F_1 = ma_1$

বা, $F_1 = 5\ kg \times 10\ ms^{-2}$

বা, $F_1 = 50\ N$

$\therefore \frac{F_1}{F} = \frac{50\ N}{25\ N}$

বা, $\frac{F_1}{F} = 2$

$\therefore\ F_1 = 2\ F$

অর্থাৎ উল্লিখিত সময়ে 500 m পথ অতিক্রম করতে হলে প্রযুক্ত বলের মান পূর্বের দ্বিগুণ অর্থাৎ 50 N হওয়া প্রয়োজন।

প্রশ্ন –৪৭ ▸ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

A ও B বিন্দুর মধ্যে দূরত্ব 45 m। A ও B হতে একই সময়ে দুটি বস্তুকণা যথাক্রমে P ও Q চলতে শুরু করল। P, 40 ms^{-1} সমবেগে এবং Q, 16 ms^{-1} আদিবেগ ও 6 ms^{-2} সমত্বরণে চলতে শুরু করে।

[অধ্যায় ২য় ও ৩য়]

ক. বল বেয়ারিং কিসের তৈরি? ১

খ. সমদ্রুতিতে চলমান বস্তুর ত্বরণ থাকতে পারে কি? ব্যাখ্যা কর। ২

গ. Q বস্তুটি 6 s এ কত পথ অতিক্রম করে? ৩

ঘ. যাত্রা শুরু করার পর P ও Q পরস্পর মিলিত হতে পারবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

▸◂ ৪৭নং প্রশ্নের উত্তর ▸◂

ক. বল বেয়ারিং ইস্পাতের তৈরি।

খ. ত্বরণ হচ্ছে বস্তুর অসম বেগের পরিবর্তনের হার। অর্থাৎ গতিকালে বস্তুর বেগ যদি ভিন্ন ভিন্ন সময়ে বিভিন্ন থাকে তবে বস্তুর ত্বরণ থাকবে। কিন্তু সমদ্রুতিতে চলমান বস্তুর ক্ষেত্রে বেগের মানের কোনো পরিবর্তন হয় না। যেহেতু বেগের পরিবর্তন থাকবে না। তাই সমদ্রুতিতে চলমান বস্তুর ক্ষেত্রে ত্বরণ থাকতে পারে না।

গ. উদ্দীপক হতে পাই,

Q বস্তুর আদিবেগ, $u = 16\ ms^{-1}$

সমত্বরণ, $a = 6\ ms^{-2}$

সময়কাল, $t = 6\ s$

Q বস্তুর 6 s এর অতিক্রান্ত দূরত্ব, s = ?

আমরা জানি,

$s = ut + \frac{1}{2}at^2$

$\therefore\ s = 16\ ms^{-1} \times 6\ s + \frac{1}{2} \times 6\ ms^{-2} \times (6\ s)^2$

$= 96\ m + 108\ m$

$\therefore\ s = 204\ m$

অতএব, Q বস্তুটি 6 s এ 204 m পথ অতিক্রম করে।

ঘ. ধরি, t সময় পর x বিন্দুতে P ও Q পরস্পর মিলিত হবে।

P এর ক্ষেত্রে, শেষবেগ, $v = 40\ ms^{-1}$

$\therefore$ t সময়ে P এর অতিক্রান্ত দূরত্ব = vt

A ও X এর মধ্যবর্তী দূরত্ব AX হলে,

AX = 40 t

আবার Q এর ক্ষেত্রে, আদিবেগ, $u = 16\ ms^{-1}$; সমত্বরণ, $a = 6\ ms^{-2}$



B ও X এর মধ্যবর্তী দূরত্ব BX হলে

$\therefore$ t সময়ে Q এর অতিক্রান্ত দূরত্ব,

$BX = ut + \frac{1}{2}at^2$

$= 16\ t + \frac{1}{2} \times 6 \times t^2$

$= 16\ t + 3t^2$

এখন, AX = AB + BX

বা, $40t = 45 + 16t + 3t^2$

বা, $3t^2 - 24t + 45 = 0$

বা, $t^2 - 8t + 15 = 0$

বা, $t^2 - 5t - 3t + 15 = 0$

বা, $t(t - 5) - 3(t - 5) = 0$

বা, $(t - 5)(t - 3) = 0$

হয়, $t - 5 = 0$ অথবা, $t - 3 = 0$

$\therefore t = 5$ $\therefore t = 3$

যেহেতু, t এর মান বাস্তব, তাই P ও Q তাদের যাত্রাপথে দুবার মিলিত হবে।

অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

●■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■●

প্রশ্ন ॥ ১ ॥ জড়তা কাকে বলে?

উত্তর : পদার্থ যে অবস্থায় আছে চিরকাল সে অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সে অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে জড়তা বলে।

প্রশ্ন ॥ ২ ॥ সুষ্থিত বল কী?

উত্তর : যে বলসমূহ সাম্যাবস্থায় পরিণত করে তাদেরকে সুষ্থিত বল বলে।

প্রশ্ন ॥ ৩ ॥ একক বল কী?

উত্তর : একক ভরের ওপর যে পরিমাণ বল ক্রিয়া করে একক ত্বরণ সৃষ্টি করে তাকে একক বল বলে।

প্রশ্ন ॥ ৪ ॥ অস্পর্শ বল কাকে বলে?

উত্তর : দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শ বল বলে।

প্রশ্ন ॥ ৫ ॥ কোন সূত্র থেকে বলের গুণগত সংজ্ঞা পাওয়া যায়?

উত্তর : নিউটনের গতিবিষয়ক প্রথম সূত্র থেকে।

প্রশ্ন ॥ ৬ ॥ অভিকর্ষ বল কাকে বলে?

উত্তর : পৃথিবী যখন কোনো বস্তুর উপর মহাকর্ষ বল প্রয়োগ করে তখন তাকে অভিকর্ষ বল বলে।

প্রশ্ন ॥ ৭ ॥ বিসর্প ঘর্ষণ কী?

উত্তর : যখন একটি বস্তু অন্য একটি বস্তুর তথা তলের উপর দিয়ে পিছলিয়ে বা ঘষে চলতে চেষ্টা করে বা চলে তখন যে ঘর্ষণের সৃষ্টি হয় তাকে পিছলানো ঘর্ষণ বা বিসর্প ঘর্ষণ বলে।

প্রশ্ন ॥ ৮ ॥ প্রবাহী ঘর্ষণ কাকে বলে?

উত্তর : যখন কোনো বস্তু কোনো প্রবাহী পদার্থের মধ্যে গতিশীল থাকে তখন যে ঘর্ষণ ক্রিয়া করে তাকে প্রবাহী ঘর্ষণ বলে।

প্রশ্ন ॥ ৯ ॥ স্থিতি ঘর্ষণ কী?

উত্তর : পরস্পরের সংস্পর্শে থেকে একটি বস্তু যতক্ষণ অপরটির উপর স্থির থাকে, ততক্ষণ তাদের মিলনতলে যে ঘর্ষণ ক্রিয়া করে, তাকে স্থিতি ঘর্ষণ বলে।

প্রশ্ন ॥ ১০ ॥ আবর্ত ঘর্ষণের উদাহরণ দাও।

উত্তর : ফুটবল, মার্বেল গুটি ইত্যাদি মাটির উপর দিয়ে চলার সময় আবর্ত ঘর্ষণের সৃষ্টি হয়।

প্রশ্ন ॥ ১১ ॥ অসাম্য বল কাকে বলে?

উত্তর : যদি কোনো বস্তুর উপর ক্রিয়াশীল লব্ধি বলের মান শূন্য না হয় তখন ক্রিয়ারত বলগুলোকে আমরা অসাম্য বল বলি।

●■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■●

প্রশ্ন ॥ ১ ॥ থেমে থাকা বাস হঠাৎ চলতে শুরু করলে বাসযাত্রী পেছনের দিকে হেলে পড়েন কেন?

উত্তর : থেমে থাকা বাস হঠাৎ চলতে শুরু করলে বাসযাত্রী পেছনের দিকে হেলে পড়েন স্থিতি জড়তার জন্য।

বাস যখন থেমে থাকে তখন যাত্রীর শরীরও স্থির থাকে। কিন্তু বাস হঠাৎ চলতে শুরু করলে যাত্রীর শরীরের বাস সংলগ্ন অংশ গতিশীল হয়। কিন্তু শরীরের উপরের অংশ স্থিতি জড়তার জন্য স্থির থাকতে চায়। তাই শরীরের নিচের অংশ থেকে উপরের অংশ পিছিয়ে পড়ে। ফলে যাত্রী পেছনের দিকে হেলে পড়ে।

প্রশ্ন ॥ ২ ॥ চলন্ত বাস হঠাৎ ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়েন কেন?

উত্তর : চলন্ত বাস হঠাৎ ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়েন গতি জড়তার জন্য।

চলন্ত অবস্থায় বাসের সাথে যাত্রীরাও একই গতি প্রাপ্ত হয়। কিন্তু বাস হঠাৎ থেমে গেলে বাসের সাথে সাথে যাত্রীর শরীরের নিচের অংশ স্থির হয়। কিন্তু শরীরের উপরের অংশ গতি জড়তার জন্য সামনের দিকে এগিয়ে যায়। ফলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে।

প্রশ্ন ॥ ৩ ॥ জড়তা সম্পর্কে তোমার ধারণা ব্যাখ্যা কর।

উত্তর : পদার্থ যে অবস্থায় আছে চিরকাল সেই অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সেই অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে জড়তা বলে। প্রত্যেক বস্তু যে অবস্থায় আছে সেই অবস্থায় থাকতে চায় অর্থাৎ বস্তু স্থির থাকলে স্থির আর গতিশীল থাকলে গতিশীল থাকতে চায়। বস্তুর এ স্থিতিশীল বা গতিশীল অবস্থার পরিবর্তন ঘটাতে হলে বল প্রয়োগ করতে হয়।

প্রশ্ন ॥ ৪ ॥ 'জড়তা বস্র ভরের ওপর নির্ভর করে'– উদাহরণসহ ব্যাখ্যা কর।

উত্তর : বাহ্যিক বল প্রয়োগ না করলে স্থির বস্তুর অবস্থায় এবং গতিশীল বস্তু সুষম গতিকে একই দিকে চলতে চাওয়ার ধর্মকে জড়তা বলে। জড়তা দু'প্রকার স্থিতি জড়তা ও গতি জড়তা। আমরা আমাদের দৈনন্দিন জীবনের অভিজ্ঞতা হতে দেখতে পাই, ভারী বস্তুকে স্রি অবস্থা হতে গতিশীল করতে এবং গতিশীল অবস্থা হতে থামাতে হালকা বস্তুর চেয়ে বেশি মানের বল প্রয়োগ করতে হয়, অর্থাৎ বেশি কষ্টসাধ্য। তাই জড়তা বস্তুর ভরের উপর নির্ভর করে এবং প্রকৃতপক্ষে ভর হলো বস্তুর জড়তার পরিমাপ। উভয় প্রকার জড়তার ক্ষেত্রেই যে বস্তুর ভর যত বেশি তার জড়তা তত বেশি।

প্রশ্ন ॥ ৫ ॥ স্পর্শ ও অস্পর্শ বলের মধ্যকার পার্থক্য বর্ণনা কর।

উত্তর : যে বল সৃষ্টির জন্য দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শের প্রয়োজন হয় তাকে স্পর্শ বল বলে। অপরদিকে দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শক বল বলে।

সংজ্ঞানুসারে, অস্পর্শ বল দূর হতেই ক্রিয়া করতে পারে যেখানে স্পর্শ বলসমূহ বস্তুর উপর ক্রিয়া করার জন্য সংস্পর্শের প্রয়োজন হয়। চার প্রকার মৌলিক বলের প্রত্যেকটি বলের প্রত্যেকটিই অস্পর্শ বল, অপরদিকে যৌগিক বা কৃত্রিম বলসমূহের বেশির ভাগই স্পর্শ বল।

প্রশ্ন ॥ ৬ ॥ বলের মাত্রা ব্যাখ্যা কর।

উত্তর : আমরা জানি বল,

$$F = \text{ভর} \times \text{ত্বরণ}$$
$$= \text{ভর} \times \frac{\text{বেগ}}{\text{সময়}}$$
$$= \text{ভর} \times \frac{\text{দূরত্ব /সময়}}{\text{সময়}}$$
$$= \text{ভর} \times \frac{\text{দূরত্ব}}{\text{সময়}^2}$$
$$= M \times \frac{L}{T^2}$$

বলের মাত্রা সমীকরণ, $[F] = [MLT^{-2}]$

প্রশ্ন ॥ ৭ ॥ যখন কোনো খেলোয়াড় স্থির ফুটবলকে কিক্ করেন তখন কী ঘটে?

উত্তর : যখন কোনো খেলোয়াড় স্থির ফুটবলকে কিক্ করেন তখন গতিশীল হয়। আমরা দেখতে পাই, বলটি স্থির অবস্থা থেকে যেদিকে বলটিকে কিক্ করা হয়েছে সেদিকে গতিশীল হয়। অর্থাৎ এক্ষেত্রে বলটি স্থির অবস্থা থেকে ত্বরণ লাভ করে। এক্ষেত্রে সৃষ্ট ত্বরণের মান ধনাত্মক এবং ত্বরণের দিক হলো কিকের মাধ্যমে যেদিকে বল প্রয়োগ করা হয় সেদিকে। সুতরাং প্রযুক্ত বল কোনো স্থির বস্তুকে গতিশীল করতে পারে।

প্রশ্ন ॥ ৮ ॥ প্রযুক্ত বল কোনো গতিশীল বস্তুর বেগের তথা গতির দিক পরিবর্তন করতে পারে– ব্যাখ্যা কর।

উত্তর : ক্রিকেট খেলায় একজন খেলোয়াড় বিপরীত দিক থেকে আগত ক্রিকেট বলকে ব্যাট দ্বারা আঘাত করেন। ব্যাট দ্বারা আঘাতের ফলে বলটির বেগের মান ও দিক উভয়েই পরিবর্তিত হয়। যেদিক থেকে বলটি আসছিল ব্যাট দ্বারা আঘাতের ফলে এটি অন্য কোনো দিকে গতিশীল হয়। এক্ষেত্রেও ত্বরণ রয়েছে।

প্রশ্ন ॥ ৯ ॥ বল কীভাবে বস্তুর আকারের ওপর প্রভাব ফেলে বর্ণনা কর।

উত্তর : বলের ক্রিয়ায় অনেক সময় বস্তুতে গতির সৃষ্টি না হয়ে এর আকারের পরিবর্তন হয়। একটি খালি প্লাস্টিকের পানির বোতল চেপে ধরলে বোতলের

আকারের পরিবর্তন হয়। আবার যখন কোনো রাবার ব্যান্ডকে টেনে প্রসারিত করা হয় তখন এটি সরু হয়ে যায় অর্থাৎ এর আকারের পরিবর্তন হয়।

কখনো কখনো বলের ক্রিয়ায় বস্তুর এই আকার পরিবর্তন ক্ষণস্থায়ী হয়। আবার কখনো বল প্রয়োগের ফলে স্থায়ীভাবে বস্তুর আকারের পরিবর্তন সংঘটিত হয়। উদাহরণ হিসেবে দুমড়ে-মুচড়ে যাওয়া ধাতব ক্যান অথবা দুর্ঘটনার পরে কোনো গাড়ির ক্ষেত্রে এ ধরনের পরিবর্তন ঘটে।

প্রশ্ন ॥ ১০ ॥ ক্রিয়া এবং প্রতিক্রিয়া সমান হওয়া সত্ত্বেও স্থির বস্তুতে কেন গতির সৃষ্টি হয়– ব্যাখ্যা কর।

উত্তর : নিউটনের তৃতীয় সূত্রানুসারে ক্রিয়া এবং প্রতিক্রিয়া বল সমান ও বিপরীতমুখী। এদের লব্ধি শূন্য হতো যদি এরা একই বস্তুর উপর ক্রিয়া করত। কিন্তু প্রকৃতপক্ষে ক্রিয়া ও প্রতিক্রিয়া বল দুটি ভিন্ন বস্তুর উপর ক্রিয়া করে, অর্থাৎ একটি বস্তুর উপর একটিমাত্র বল ক্রিয়া করে। এক্ষেত্রে ওই বস্তুতে তৃতীয় কোনো বল প্রযুক্ত না হলে তাতে গতির পরিবর্তন তথা ত্বরণ সৃষ্টি হতে বাধ্য।

প্রশ্ন ॥ ১১ ॥ গতির উপর ঘর্ষণের প্রভাব ব্যাখ্যা কর।

উত্তর : কোনো বস্তুর গতির উপর ঘর্ষণের ব্যাপক প্রভাব রয়েছে। ঘর্ষণ হলো এক ধরনের বাধাদানকারী বল, যা বস্তুর গতিকে মন্থর করে। ঘর্ষণ আমাদের দৈনন্দিন জীবনে অনেক সমস্যা সৃষ্টি করলেও চলাচল ও যানবাহন চালনার জন্য ঘর্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রাস্তা ও টায়ারের পৃষ্ঠ প্রয়োজনমতো অমসৃণ করা হয় যাতে গাড়ি সামনের দিকে এগিয়ে যেতে পারে। গতি নিয়ন্ত্রণে যে ব্রেক ব্যবহার করা হয় তা ঘর্ষণের নীতির উপর কাজ করে।

প্রশ্ন ॥ ১২ ॥ কোন ক্ষেত্রে স্থিতি ঘর্ষণ উৎপন্ন হয়– ব্যাখ্যা কর।

উত্তর : দুটি তলের একটি অপরটির সাপেক্ষে গতিশীল না বলে এদের মধ্যে স্থিতি ঘর্ষণ সৃষ্টি হয়। অর্থাৎ যখন কোনো একটি বস্তুর উপর বল প্রয়োগ করা হয়, তখন যদি এ বল বস্তুর গতি সৃষ্টি করতে না পারে তাহলে স্থিতি ঘর্ষণ কাজ করে। যেমন : মেঝের উপর অবস্থিত একটি ভারী বস্তুকে টানার পরও গতিশীল না হলে যে ঘর্ষণ বল উৎপন্ন হয় এবং গতি সৃষ্টি না হওয়া পর্যন্ত এ বল কাজ করে।

প্রশ্ন ॥ ১৩ ॥ প্রবাহী ঘর্ষণ বলতে কী বোঝ?

উত্তর : যখন কোনো তরল পদার্থ বা বায়বীয় পদার্থের গতিপথে কোনো স্থিরবস্তু রাখা হয় বা কোনো বস্তুকে তরল বা বায়বীয় পদার্থের মাঝ দিয়ে গতিশীল হতে হয় তখন উভয়ের মধ্যে ঘর্ষণ উৎপন্ন হয়। এ ধরনের ঘর্ষণকে প্রবাহী ঘর্ষণ বলে। সাধারণ জাহাজ পানিতে চলার সময়ে বা বৃষ্টির ফোঁটা বাতাসের মাঝ দিয়ে পড়ার সময়ে এই ধরনের ঘর্ষণের উৎপত্তি হয়।

প্রশ্ন ॥ ১৪ ॥ প্যারাসুটে কোন ধরনের ঘর্ষণ কীভাবে ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর।

উত্তর : প্যারাসুট বায়ুর বাধাকে কাজে লাগিয়ে কাজ করে। এখানে বায়ুর বাধা হলো এক ধরনের প্রবাহী ঘর্ষণ বল যা পৃথিবীর অভিকর্ষ বলের বিপরীতে ক্রিয়া করে। খোলা অবস্থায় প্যারাসুটের বাইরের তলের ক্ষেত্রফল অনেক বেশি হওয়ায় বায়ুর বাধার পরিমাণও বেশি হয়, ফলে আরোহীর পতনের গতি অনেক হ্রাস পায়। ফলে আরোহী ধীরে ধীরে মাটিতে নিরাপদে নেমে আসে।

প্রশ্ন ॥ ১৫ ॥ চাকার ব্যবহারে কীভাবে ঘর্ষণ কমে– ব্যাখ্যা কর।

উত্তর : আমরা জানি, বিসর্প ঘর্ষণের তুলনায় আবর্ত ঘর্ষণের মান কম। এই উদ্দেশ্যে চাকা আবিষ্কৃত হয়। বাস, ট্রাকসহ বিভিন্ন যন্ত্রপাতিতে চাকা লাগানো থাকে। চাকা হলো একটি সুকৌশল আবিষ্কার। চাকার বৃত্তাকার আকৃতি ঘর্ষণকে ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনে। সুটকেসে চাকা লাগানোর ফলে ঘর্ষণের মান কমে যায় এবং এটি টানা লাগানোর ফলে ঘর্ষণের মান কমে যায় এবং এটি টানা সহজতর হয়। অর্থাৎ চাকা লাগানোর ফলে আবর্ত ঘর্ষণের মান পিছলানো ঘর্ষণের তুলনায় অনেক কমে যায়।

প্রশ্ন ॥ ১৬ ॥ 'বল-বেয়ারিং একটি গুরুত্বপূর্ণ আবিষ্কার'– ব্যাখ্যা কর।

উত্তর : বল-বেয়ারিং ব্যবহারের মাধ্যমে বিভিন্ন তলের মধ্যবর্তী ঘর্ষণকে আরও কমানো সম্ভবপর হয়েছে। বল-বেয়ারিং হলো ক্ষুদ্র, মসৃণ ধাতব বল। এগুলো সাধারণত ইস্পাতের তৈরি। বল-বেয়ারিং কোনো যন্ত্রের গতিশীল অংশগুলো মধ্যবর্তী স্থানে বসানো থাকে। বল-বেয়ারিংগুলোর ঘর্ষণের ফলে যন্ত্রের গতিশীল অংশগুলোর পরস্পরের সঙ্গে সরাসরি ঘর্ষণ সৃষ্টি করতে পারে না। অর্থাৎ তলগুলো একটি অপরটির উপর দিয়ে পিছলানোর পরিবর্তে গড়িয়ে যায় এবং ঘর্ষণ কমে যায়।

প্রশ্ন ॥ ১৭ ॥ গতি নিয়ন্ত্রণে ব্রেকিং বলের কার্যক্রম ব্যাখ্যা কর।

উত্তর : যানবাহন চলাচলের সময় প্রয়োজন অনুযায়ী যানবাহনের গতিকে বৃদ্ধি বা হ্রাস করতে হয়। অর্থাৎ যানবাহনের গতিকে নিয়ন্ত্রণের প্রয়োজন পড়ে। ব্রেক হচ্ছে এমন এক ব্যবস্থা যা ঘর্ষণের পরিমাণ করে গাড়ির গতি তথা চাকার ঘূর্ণনকে প্রয়োজন অনুযায়ী নিয়ন্ত্রণ করে। এর মাধ্যমে যানবাহনকে নির্দিষ্ট স্থানে থামানো সম্ভবপর হয়। যখন গাড়ির চালক ব্রেক প্রয়োগ করেন, তখন এসবেস্টসের তৈরি সু বা প্যাড চাকায় অবস্থিত ধাতব চাকতিকে ধাক্কা দেয়। প্যাড ও চাকতির মধ্যবর্তী ঘর্ষণ চাকার গতিকে কমিয়ে দেয়। ফলে গাড়ির বেগ হ্রাস পায়।

প্রশ্ন ॥ ১৮ ॥ ঘর্ষণের অপকারিতাসমূহ ব্যাখ্যা কর।

উত্তর : অতিরিক্ত ঘর্ষণের কারণে যানবাহন সহজে চলতে পারে না। যন্ত্রপাতির গতিশীল অংশগুলোর মধ্যে ঘর্ষণের ফলে এরা ক্ষয়প্রাপ্ত হয় এবং ছিঁড়ে যায়। যেকোনো ধরনের যানবাহনকে অতিরিক্ত ঘর্ষণ অতিক্রম করতে অতিরিক্ত জ্বালানি খরচ করতে হয়। যার দরুন ঘর্ষণের ফলে জ্বালানির শক্তির অপচয় হয় যা প্রধানত তাপশক্তিরূপে আবির্ভূত হয়। ঘর্ষণের ফলে শুধু যে শক্তি তাপে পরিণত হয় তাই নয়। এর ফলে ইঞ্জিনের যন্ত্রাংশ অত্যধিক উত্তপ্ত হয়ে ওঠে যার দরুন ইঞ্জিন নষ্ট হয়ে যেতে পারে।

প্রশ্ন ॥ ১৯ ॥ ঘর্ষণ হ্রাস করতে কী কী পদক্ষেপ নেয়া হয়– ব্যাখ্যা কর।

উত্তর : ঘর্ষণের মূল কারণ হলো অমসৃণ তল। যেখানে একটির উঁচু উঁচু খাঁজ অপরটিতে আটকে গিয়ে ঘর্ষণের উৎপত্তি ঘটায়। এ জন্য ঘর্ষণ হ্রাসের উদ্দেশে তল যথাসম্ভব মসৃণ করা হয়। এ কাজে তেল, মবিল এবং গ্রিজসহ অন্যান্য পিচ্ছিলকারী পদার্থ ব্যবহার করা হয়। এছাড়া অমসৃণ তলসমূহ যাতে দীর্ঘক্ষণ পরস্পরের সংস্পর্শে না থাকে সে উদ্দেশে চাকা এবং বল বেয়ারিং ব্যবহার করা হয়।

গাণিতিক সমস্যা ও সমাধান

সূত্রাবলি	প্রতীক পরিচিতি

সূত্রাবলি	প্রতীক পরিচিতি
$F = ma$	F = বল m = ভর a = ত্বরণ
$Ft = mv - mu$	t = বলের ক্রিয়াকাল u = বস্তুর আদিবেগ v = বস্তুর শেষবেগ
$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$	m_1, m_2 = ভর u_1, u_2 = আদিবেগ v_1, v_2 = শেষবেগ
$m_1u_1 + m_2u_2 = (m_1 + m_2)\,v$	v = মিলিত শেষবেগ

গাণিতিক উদাহরণ ৩.১॥ 50 kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করা হলে এর ত্বরণ 4 ms⁻² হবে?

সমাধান :

এখানে,

বস্তর ভর, $m = 50$ kg

ত্বরণ, $a = 4\ ms^{-2}$

বল, $F = ?$

আমরা জানি,

$F = ma$

$= 50\ kg \times 4\ ms^{-2}$

$= 200\ kg\ ms^{-2}$

$= 200\ N$

নির্ণেয় ত্বরণ 200 N।

গাণিতিক উদাহরণ ৩.২॥ একটি বালক 50 N বল দ্বারা 20 kg ভরের একটি বক্সকে ধাক্কা দেয়। বক্সটির ত্বরণ কত হবে?

সমাধান :

এখানে,

বক্সের ভর, $m = 20$ kg

প্রযুক্ত বল, $F = 50$ N

বক্সের ত্বরণ, $a = ?$

আমরা জানি,

$F = ma$

বা, $a = \frac{F}{m}$

$= \frac{50\ N}{20\ kg}$

$= 2{\cdot}5\ ms^{-2}$

অতএব, বক্সটির ত্বরণ $2{\cdot}5\ ms^{-2}$।

গাণিতিক উদাহরণ ৩.৩॥ 20 kg ভরের একটি বস্তুর উপর 2000 N বল 0.1 s সময়ব্যাপী কাজ করে। বস্তুর ভরবেগের পরিবর্তন কত হবে?

সমাধান :

এখানে,

প্রযুক্ত বল, $F = 2000$ N

বলের ক্রিয়া কাল, $t = 0{\cdot}1$ s

ভরবেগের পরিবর্তন, $mv - mu = ?$

আমরা জানি,

ভরবেগের পরিবর্তন = বল × সময়

$mv - mu = Ft$

$= 2000\ N \times 0{\cdot}1\ s$

$= 200\ kg\ ms^{-2}\ s$

$= 200\ kg\ ms^{-1}$

অতএব, ভরবেগের পরিবর্তন $200\ kg\ ms^{-1}$।

গাণিতিক উদাহরণ ৩.৪ ॥ একটি বন্দুক থেকে 500 ms⁻¹ বেগে 10 g ভরের একটি গুলি ছোড়া হলো। বন্দুকের ভর 2 kg হলে বন্দুকের পশ্চাৎ বেগ নির্ণয় কর।

সমাধান :

এখানে,

গুলির ভর, $m_1 = 10$ g

$= 10 \times 10^{-3}$ kg

$= 10^{-2}$ kg

বন্দুকের ভর, $m_2 = 2$ kg

গুলির আদিবেগ, $u_1 = 0\ ms^{-1}$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0\ ms^{-1}$

গুলির শেষবেগ, $v_1 = 500\ ms^{-1}$

বন্দুকের পশ্চাৎ বেগ, $v_2 = ?$

ধরা যাক গুলির বেগের দিক অর্থাৎ সম্মুখ দিক ধনাত্মক।

ভরবেগের সংরক্ষণ সূত্র থেকে আমরা জানি,

$m_1u_1 + m_2\,u_2 = m_1\,v_1 + m_2\,v_2$

বা, $m_1 \times 0\ ms^{-1} + m_2\ kg \times 0\ ms^{-1}$

$= 10^{-2}\ kg \times 500\ ms^{-1} + 2\ kg \times v_2$

বা, $v_2 = -\frac{5\ kg\ ms^{-1}}{2\ kg}$

$\therefore v_2 = -\,2{\cdot}5\ ms^{-1}$

এখানে বন্দুকের বেগ ঋণাত্মক, অর্থাৎ বন্দুকটি পেছন দিকে গতিশীল হবে।

অতএব, বন্দুকের পশ্চাৎ বেগ $2{\cdot}5\ ms^{-1}$।

সমস্যা–৫ ॥ 15 kg ভরের কোনো বস্তুর উপর 105 N বল প্রযুক্ত হলে তার ত্বরণ কত হবে?

সমাধান : দেওয়া আছে,

বল, $F = 105\ N = 105\ kgms^{-2}$

বস্তুটির ভর, $m = 15$ kg

বস্তুটির ত্বরণ, $a = ?$

আমরা জানি,

$F = ma$

$\therefore a = \frac{F}{m} = \frac{105\ kgms^{-2}}{15\ kg}$

নির্ণেয় বস্তুটির ত্বরণ $7\ ms^{-2}$ হবে।

সমস্যা–৬ ॥ 50 kg ভরের একটি স্থির বস্তুর 100 N একটি বল 2 সেকেন্ড ধরে ক্রিয়া করে। এই সময় শেষে বস্তুটির বেগ কত হবে?

সমাধান : দেওয়া আছে,

বল, $F = 100\ N = 100\ kgms^{-2}$

ভর, $m = 50 \text{ kg}$

সময়, $t = 2 \text{ s}$

আদিবেগ, $u = 0$

বস্তুটির শেষবেগ, $v = ?$

আমরা জানি,

$$F = ma$$

$$\text{বা, } F = \frac{m \times (v - u)}{t} \quad [\because a = \frac{v - u}{t}]$$

$$\text{বা, } 100 \text{ kgms}^{-2} = \frac{50 \text{ kg} \times (v - 0)}{2\text{s}}$$

$$\text{বা, } v = \frac{100 \text{ kgms}^{-2} \times 2\text{s}}{50 \text{ kg}}$$

$$\therefore v = 4 \text{ ms}^{-1}$$

অতএব, বস্তুটির শেষবেগ 4 ms^{-1} হবে।

সমস্যা ॥ ৭ ॥ 10 g ভরের একটি বুলেট 300 ms^{-1} বেগে এক টুকরা কাঠের মধ্যে 4·5 cm প্রবেশ করে থেমে গেল। বাধাদানকারী বলের মান নির্ণয় কর এবং ঐ দূরত্ব যেতে বুলেটটির কত সময় লেগেছে?

সমাধান : দেওয়া আছে,

আদিবেগ, $u = 300 \text{ ms}^{-1}$

ভর, $m = 10 \text{ g} = 0{\cdot}01 \text{ kg}$

দূরত্ব, $s = 4{\cdot}5 \text{ cm} = 0{\cdot}045 \text{ m}$

শেষবেগ, $v = 0$

বাধাদানকারী বল, $F = ?$

প্রয়োজনীয় সময়, $t = ?$

আমরা জানি,

$$v^2 = u^2 + 2as$$

$$\text{বা, } 0 = 300^2 \text{ m}^2\text{s}^{-2} + 2a \times 0{\cdot}045 \text{ m}$$

$$\text{বা, } a = \frac{-90000 \text{ m}^2\text{s}^{-2}}{2 \times 0{\cdot}045 \text{ m}}$$

$$\therefore a = -10^6 \text{ ms}^{-2}$$

আবার, $F = ma$

$$= 0{\cdot}01\text{kg} \times (-10^6 \text{ ms}^{-2})$$

$$= -10^4 \text{ N}$$

আমরা জানি,

$$v = u + at$$

$$\text{বা, } 0 = 300 \text{ ms}^{-1} - 10^6 \text{ ms}^{-2} \times t$$

$$\text{বা, } t = \frac{300 \text{ ms}^{-1}}{10^6 \text{ ms}^{-2}}$$

$$\therefore t = 3 \times 10^{-4} \text{ s}$$

নির্ণেয় বুলেটটির বাধাদানকারী বল 10^4 N এবং দূরত্ব অতিক্রম করতে সময় লেগেছে 3×10^{-4} s

সমস্যা ॥ ৮ ॥ 600 kg ভরের একখানি গাড়ি 20 ms^{-1} বেগে সরল পথে চলতে চলতে 1400 kg ভরের একখানি স্থির ট্রাকের সাথে ধাক্কা খেয়ে আটকে গেল। মিলিত গাড়ি দুটির বেগ কত হবে?

সমাধান : দেওয়া আছে,

গাড়ির ভর, $m_1 = 600 \text{ kg}$

ট্রাকের ভর, $m_2 = 1400 \text{ kg}$

গাড়ির আদিবেগ, $u_1 = 20 \text{ ms}^{-1}$

ট্রাকের আদিবেগ, $u_2 = 0$

মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = v (m_1 + m_2)$$

$$\text{বা, } 600 \text{ kg} \times 20 \text{ ms}^{-1} + 1400 \text{ kg} \times 0 = v(600 \text{ kg} + 1400 \text{ kg})$$

$$\text{বা, } 12000 \text{ kgms}^{-1} + 0 = v \times 2000 \text{ kg}$$

$$\text{বা, } v = \frac{12000 \text{ kgms}^{-1}}{2000 \text{ kg}}$$

$$\therefore v = 6\text{ms}^{-1}$$

অতএব, গাড়ি দুটির মিলিত বেগ 6 ms^{-1}।

সমস্যা ॥ ৯ ॥ 3 kg ভরের একটি বস্তু 2 ms^{-1} বেগে পূর্বদিকে চলছে। 1 kg ভরের অপর একটি বস্তু 2 ms^{-1} বেগে পশ্চিম দিকে চলছে। কোনো একটি সময় বস্তু দুটির মধ্যে সংঘর্ষের ফলে এরা মিলে এক হয়ে গেল। মিলিত বস্তুটি কোন দিকে কত বেগে চলবে?

সমাধান : দেওয়া আছে,

পূর্বদিকে গতিশীল বস্তুর ভর, $m_1 = 3 \text{ kg}$

পূর্বদিকে গতিশীল বস্তুর বেগ, $u_1 = 2 \text{ ms}^{-1}$

পশ্চিম দিকে গতিশীল বস্তুর ভর, $m_2 = 1 \text{ kg}$

পশ্চিম দিকে গতিশীল বস্তুর বেগ, $u_2 = -2 \text{ ms}^{-1}$

[$u_2 = -2 \text{ ms}^{-1}$ কারণ বস্তুদ্বয় পরস্পর বিপরীত দিক থেকে আগত]

মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$$m_1 u_1 + m_2 u_2 = v (m_1 + m_2)$$

$$\text{বা, } 3 \text{ kg} \times 2 \text{ ms}^{-1} + 1 \text{ kg} \times (-2 \text{ ms}^{-1}) = v (3\text{kg} + 1\text{kg})$$

$$\text{বা, } (6 - 2) \text{ kgms}^{-1} = v \times 4 \text{ kg}$$

$$\text{বা, } v = \frac{4 \text{ kgms}^{-1}}{4 \text{ kg}}$$

$$\therefore v = 1 \text{ ms}^{-1}$$

এখন,

১ম বস্তুর ভরবেগ $= m_1 u_1 = 3 \text{ kg} \times 2\text{ms}^{-1} = 6 \text{ kg ms}^{-1}$

২য় বস্তুর ভরবেগ $= m_2 u_2 = 1 \text{ kg} \times 2 \text{ ms}^{-1} = 2 \text{ kg ms}^{-1}$

যেহেতু ১ম বস্তুর ভরবেগ > ২য় বস্তুর ভরবেগ

অতএব, মিলিত বস্তুটি 1 ms^{-1} বেগে পূর্বদিকে চলবে।

সমস্যা ॥ ১০ ॥ একটি 10 g ভরের গুলি 6 kg ভরের একটি বন্দুকের নল থেকে 300 ms^{-1} বেগে বেরিয়ে গেল। বন্দুকের পশ্চাৎ বেগ বের কর।

সমাধান :

দেওয়া আছে,

গুলির ভর, $m_1 = 10\text{g} = 10 \times 10^{-3} \text{ kg} = 10^{-2} \text{ kg}$

বন্দুকের ভর, $m_2 = 6 \text{ kg}$

গুলির আদিবেগ, $u_1 = 0\ ms^{-1}$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0\ ms^{-1}$

গুলির শেষবেগ, $v_1 = 300\ ms^{-1}$

বন্দুকের পশ্চাৎ বেগ, $v_2 = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$

বা, $0 + 0 = 10^{-2}\ kg \times 300\ ms^{-1} + 6\ kg \times v_2$

বা, $v_2 = -\frac{3\ kgms^{-1}}{6\ kg}$

$\therefore\ v_2 = -0{\cdot}5\ ms^{-1}$

রাইফেলের বেগ ঋণাত্মক। অর্থাৎ গুলির বেগ যেদিকে, রাইফেলের বেগ তার বিপরীত দিকে।

নির্ণেয় বন্দুকের পশ্চাৎ বেগ $0{\cdot}5\ ms^{-1}$।

সমস্যা ॥ ১১ ॥ 12 g ভরের একটি বুলেট 300 ms^{-1} বেগে এক টুকরা কাঠের মধ্যে 4·5 cm প্রবেশ করে থেমে গেল। বাধাদানকারী বলের মান নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

বুলেটের আদিবেগ, $u = 300\ ms^{-1}$

বুলেটের ভর, $m = 12\ g$

$= 0{\cdot}012\ kg$

অতিক্রান্ত দূরত্ব, $s = 4{\cdot}5\ cm = 0{\cdot}045\ m$

শেষবেগ, $v = 0$

বাধাদানকারী বল, $F = ?$

আমরা জানি,

$v^2 = u^2 + 2as$

বা, $0 = (300\ ms^{-1})^2 + 2a \times 0{\cdot}045\ m$

বা, $a = \frac{-90000\ m^2s^2}{2 \times 0{\cdot}045\ m} = -10^6 ms^{-2}$

বা, $F = ma$

$= 0{\cdot}012\ kg \times (-10^6\ ms^{-2}) = -1{\cdot}2 \times 14^4\ N$

নির্ণেয় বাধাদানকারী বলের মান $1{\cdot}2 \times 10^4\ N$।

সমস্যা ॥ ১২ ॥ একটি বন্দুক হতে 1 kms^{-1} বেগে 10 g ভরের একটি বুলেট ছোড়া হলো। বন্দুকের ভর যদি 2 kg হয় তবে এর পশ্চাৎ বেগ কত হবে?

সমাধান :

দেওয়া আছে

গুলির ভর, $m_1 = 10\ g$

$= 10 \times 10^{-3}\ kg$

$= 10^{-2}\ kg$

বন্দুকের ভর, $m_2 = 2\ kg$

গুলির আদিবেগ, $u_1 = 0$

বন্দুকের আদিবেগ, $u_2 = 0$

গুলির শেষবেগ, $v_1 = 1\ kms^{-1} = 1000\ ms^{-1}$

বন্দুকের পশ্চাৎবেগ, $v_2 = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$

বা, $10^{-2}kg \times 0 + 2\ kg \times 0$

$= 10^{-2}kg \times 1000\ ms^{-1} + 2\ kg \times v_2$

বা, $2\ kg \times v_2 = -10^{-2}\ kg \times 1000\ ms^{-1}$

$\therefore\ v_2 = \frac{-10\ kg\ ms^{-1}}{2kg} = -5\ ms^{-1}$

রাইফেলের বেগ ঋণাত্মক। অর্থাৎ গুলির বেগ যেদিকে রাইফেলের বেগ তার বিপরীত দিকে।

নির্ণেয় পশ্চাৎ বেগ $5\ ms^{-1}$।

সমস্যা ॥ ১৩ ॥ 4 kg ভরের একটি বস্তু 4 ms^{-1} বেগে উত্তর দিকে চলছে। 2 kg ভরের অপর একটি বস্তু 2 ms^{-1} বেগে দক্ষিণ দিকে চলছে। কোনো এক সময় বস্তু দুইটির সংঘর্ষের ফলে এরা মিলে এক হয়ে গেল। মিলিত বস্তু কোন দিকে কত বেগে চলবে?

সমাধান : দেওয়া আছে,

উত্তর দিকে গতিশীল বস্তুর ভর, $m_1 = 4\ kg$

উত্তর দিকে গতিশীল বস্তুর বেগ, $u_1 = 4\ ms^{-1}$

দক্ষিণ দিকে গতিশীল বস্তুর ভর, $m_2 = 2\ kg$

দক্ষিণ দিকে গতিশীল বস্তুর বেগ, $u_2 = -2\ ms^{-1}$

[এখানে, u_2 ঋণাত্মক ধরা হয়েছে, কারণ বস্তুদ্বয় পরস্পর বিপরীত দিক হতে আগত]

বস্তুদ্বয়ের মিলিত বেগ, $v = ?$

আমরা জানি,

$m_1u_1 + m_2u_2 = v(m_1 + m_2)$

বা, $4\ kg \times 4\ ms^{-1} + 2\ kg \times (-2\ ms^{-1})$

$= v\ (4\ kg + 2\ kg)$

বা, $(16 - 4)\ kg\ ms^{-1} = v \times 6\ kg$

বা, $6\ vkg = 12\ kg\ ms^{-1}$

বা, $v = \frac{12\ kgms^{-1}}{6\ kg}$

$\therefore\ v = 2\ ms^{-1}$

যেহেতু বেগের দিক ধনাত্মক সুতরাং মিলিত বস্তুটি $2ms^{-1}$ বেগে উত্তর দিকে চলবে।